সংবাদ

তারিখ ... 17 OCT 2002
পৃষ্ঠা ... ১১ ... কলাম ... ৪

## না'গঞ্জে ছাত্রদলের নতুন কমিটি গঠিত

# প্রতিপক্ষ গ্রুপের বিক্ষোভ মিছিল লাল্টুর কুশপুত্তলিকা দাহ

**নারায়ণগঞ্জ প্রতিনিধি ঃ** মোশাররফ হোসেনকে আহ্বায়ক করে নারায়ণগঞ্জ জেলা ছাত্রদলের নতুন আহ্বায়ক কমিটি গঠনের পরিপ্রেক্ষিতে গতকাল ছাত্রদলের প্রতিপক্ষ গ্রুপটি শহরে বিক্ষোভ মিছিল বের করে। তারা ছাত্রদলের কেন্দ্রীয় আহ্বায়ক শাহাবুদ্দীন লাল্টুর বিরুদ্ধে শ্লোগান দেয় ও তাঁর কুশপুত্তলিকা দাহ করে। এ নিয়ে ছাত্রদলের দু'গ্রুপের মধ্যে উত্তেজনা বিরাজ করছে।

আহ্বায়ক কমিটি গঠনের আগে ছাত্রদলের নারায়ণগঞ্জ জেলা কমিটি বাতিল করা হয়েছে। নতুন আহ্বায়ক কমিটিতে ছাত্রদলের মিশনপাড়া গ্রুপ হিসেবে পরিচিত ছাত্রদল নেতা মাশুকুল ইসলাম রাজিব গ্রুপের কেউ নেই বলে তারা জানায়। এ কারণে বিক্ষুব্ধ মিশনপাড়া গ্রুপ গতক শহরে বিক্ষোভ মিছিল বের করে।

মিছিলশেষে নারায়ণগঞ্জ প্রেসক্লাব সামনে মনোয়ার হোসেনের সভাপতি বক্তব্য রাখেন নুরুন্নবী সিদ্দিকী ন আবদুল্লাহ ফারুক, রেজাউল ইসলাম রিং শাহ আলম খন্দকার, আমানত হোে প্রমুখ। তারা তাদের বক্তব্যে ব নারায়ণগঞ্জ জেলা ছাত্রদলের নবগা আহ্বায়ক কমিটিতে আহ্বায়কসহ ৪ যুগ্ম আহ্বায়কই অছাত্র। এদের বিরু সন্ত্রাসী কর্মকাণ্ডের অভিযোগে একা মামলাও রয়েছে।